গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৩৬/২০১৯-২০২০
ঢাকা, ১৮ আগস্ট রোববার ২০১৯, ৩ ভাদ্র ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। চিকিৎসা বিজ্ঞানের উন্নয়নে সরকার সবকিছু করবে : প্রধানমন্ত্রী

২। জনগণের রায় মেনে সিটি নির্বাচনে বিজয়ী হতে চাই : সেতুমন্ত্রী

৩। মোবাইল অ্যাপ 'স্টপ ডেঙ্গু' উদ্বোধন : ডেঙ্গু মোকাবিলায় ৯ সংস্থার মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর
মশা নিয়ন্ত্রণ করে ঢাকাকে হংকং সিঙ্গাপুরের মতো দৃষ্টিনন্দন শহরে রূপান্তর করা হবে : স্থানীয় সরকার মন্ত্রী

৪। চামড়া নিয়ে খেলছে কারা তাদের খুঁজছে সরকার : তথ্যমন্ত্রী

৫। চামড়া যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে : শিল্প সচিব

৬। ভারতের পররাষ্ট্রমন্ত্রী ঢাকায় আসছেন আগামীকাল

৭। রোহিঙ্গাদের ওপর নির্যাতন তদন্তে মিয়ানমার প্রতিনিধিদল ঢাকায়

৮। যুক্তরাষ্ট্র থেকে বঙ্গবন্ধুর খুনি রাশেদকে ফেরাতে আলোচনা চলছে : আইনমন্ত্রী

৯। বঙ্গবন্ধুকে হত্যা করে মুক্তিযুদ্ধকে বিতর্কিত করার চেষ্টা হয়েছে : রেলমন্ত্রী

১০। পবিত্র হজ পালন শেষে দেশে ফিরতে শুরু করেছেন হাজীরা

১১। বস্তিবাসীদের পুনর্বাসনের জন্য বাউনিয়া বাঁধসহ বিভিন্ন জায়গায়
স্থায়ী আবাসন ব্যবস্থা গড়ে তোলা হবে : ডিএনসিসি মেয়র

১২। সুযোগ-সুবিধা বাড়ালে সোনা মসজিদ স্থলবন্দর আরও গতিশীল হবে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

১। চিকিৎসা বিজ্ঞানের উন্নয়নে সরকার সবকিছু করবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশে চিকিৎসা বিজ্ঞানের আরও উন্নয়নে সরকার প্রয়োজনীয় সবকিছু করবে। তিনি বলেন, শিক্ষক ও সংশ্লিষ্টদের বিদেশে পাঠানোসহ শিক্ষা ও উচ্চশিক্ষার জন্য আমরা প্রয়োজনীয় সবকিছু করব। প্রধানমন্ত্রী বলেন, আমাদের দেশে রাবেয়া ও রোকেয়া জমজের সফল অস্ত্রোপচারের মতো আরও জটিল কাজ যাতে করা যায় সেজন্য আমরা সব ধরনের শিক্ষার ব্যবস্থা করব। গত ১৬ আগস্ট শুক্রবার গণভবনে প্রধানমন্ত্রী সম্প্রতি ঢাকার সিএমএইচ-এ জমজ শিশুদ্বয়ের সফল অস্ত্রোপচারকারী বাংলাদেশি ও হাঙ্গেরীয় চিকিৎসক এবং কর্মচারীদের সমন্বয়ে গঠিত চিকিৎসক দলের উদ্দেশে বক্তব্যে এসব কথা বলেন। প্রধানমন্ত্রী আরো বলেন, এ জমজ শিশুর অস্ত্রোপচারের মাধ্যমে বাংলাদেশের চিকিৎসকরা অনন্য অভিজ্ঞা অর্জন করেছেন। আমরা এ সাফল্যের ধারা অব্যাহত রাখার মাধ্যমে চিকিৎসা বিজ্ঞানের আরও উন্নয়নে মনোনিবেশ করব। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১),

২। **জনগণের রায় মেনে সিটি নির্বাচনে বিজয়ী হতে চাই : সেতুমন্ত্রী**

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন নির্বাচনের জন্য দলীয় নেতকর্মীদের প্রস্তুতি গ্রহণের আহ্বান জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেছেন, আবার নির্বাচন আসছে। আর কয়েক মাস পরই ঢাকা দুই সিটি করপোরেশন নির্বাচন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা নির্বাচনে জোর করে ক্ষমতার দাপট দেখিয়ে জিততে চান না। আমরা জনগণের রায় মেনে নির্বাচিত হতে চাই। আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে গতকাল (১৭ আগস্ট শনিবার) ২০০৫ সালে সারাদেশে ১৭ আগস্টের সিরিজ বোমা হামলার প্রতিবাদে আয়োজিত এক সমাবেশে তিনি এসব কথা বলেন। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৫)।

৩। **মোবাইল অ্যাপ 'স্টপ ডেঙ্গু' উদ্বোধন : ডেঙ্গু মোকাবিলায় ৯ সংস্থার মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর**
মশা নিয়ন্ত্রণ করে ঢাকাকে হংকং সিঙ্গাপুরের মতো দৃষ্টিনন্দন শহরে রূপান্তর করা হবে : স্থানীয় সরকার মন্ত্রী

স্কুল পাঠ্যবইয়ে এডিস মশার বিষয় অন্তর্ভুক্তির দাবি জানিয়েছেন স্থানীয় সরকারমন্ত্রী তাজুল ইসলাম এবং ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আতিকুল ইসলাম। তারা মনে করেন, এতে মানুষের মধ্যে সচেতনতা আসবে। পাশাপাশি বিদ্যমান ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণ সহজ হবে। গতকাল (১৭ আগস্ট শনিবার) রাজধানীর কাকরাইলে জাতীয় স্কাউট ভবনে 'পরিচ্ছন্ন বাংলাদেশ' বিনির্মাণে ডেঙ্গু সচেতনতাসহ অন্যান্য দুর্যোগকালীন উত্তম সেবা প্রদানের লক্ষ্যে নয়টি সংস্থার মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষতির হয়। অনুষ্ঠানে ডেঙ্গু প্রতিরোধে মোবাইল অ্যাপ 'স্টপ ডেঙ্গু' উদ্বোধন করা হয়। স্থানীয় সরকার মন্ত্রী বলেন, আমরা এডিস মশা মোকাবিলা করব। অন্যান্য মশাও মোকাবিলা করে ঢাকা শহরকে হংকং, সিঙ্গাপুরের মতো একটা দৃষ্টিনন্দন শহরে রূপান্তরিত করব। এ সময় ডিএনসিসি মেয়র আতিকুল ইসলাম বলেন, ঢাকা উত্তরের প্রত্যেকটি ওয়ার্ডকে ১০টি ভাগে ভাগ করে চিরুনি অভিযান চালানো হবে। প্রতিটি ওয়ার্ডের ১০ ভাগের ম্যাপিং সম্পন্ন হয়েছে। প্রতিটি বাড়িতে যাওয়া হবে। সে সঙ্গে কোনো বাসায় এডিসের লার্ভা পাওয়া গেলে জরিমানা করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৩)।

৪। **চামড়া নিয়ে খেলছে কারা তাদের খুঁজছে সরকার : তথ্যমন্ত্রী**

কোরবানির পশুর চামড়ার দরপতনের খেলায় মেতে ওঠা চক্র খুঁজে বের করতে সরকার সচেষ্ট বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। গতকাল (১৭ আগস্ট শনিবার) জাতীয় প্রেসক্লাবে মুক্তিযুদ্ধের চেতনার সাংবাদিক ফোরামের আয়োজনে জাতীয় শোক দিবসের আলোচনায় তিনি এ কথা বলেন। তথ্যমন্ত্রী আওয়ামী লীগ সরকারের আমলে চামড়া শিল্পে রপ্তানি বাড়ার চিত্র তুলে ধরে তিনি বর্তমান সংকটের জন্য একটি চক্রকে দায়ী করেন। বাংলাদেশের মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে, সে হিসেবে ট্যানারির সংখ্যা বাড়েনি। এ সুযোগ নিয়ে একটি চক্র চামড়ার দরপতনের খেলায় নেমেছে। এ খেলায় যারা মেতেছে, সরকার তাদের খুঁজে বের করার চেষ্টা করছে। বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের চক্রান্তের সঙ্গে যারা জড়িত ছিল, তাদের খুঁজে বের করতে একটি কমিশন গঠনের দাবি জানান তথ্যমন্ত্রী। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

৫। **চামড়া যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে : শিল্প সচিব**

শিল্প সচিব মো. আবদুল হালিম বলেছেন, চামড়া যথাযথভাবে সংরক্ষণ না করার ফলে কিছু স্থানে মৌসুমি চামড়া ব্যবসায়ীরা কাঁচা চামড়া নষ্ট করে ফেলেছেন। তবে এটি সমগ্র দেশের চিত্র নয়। অন্যান্য স্থানে চামড়া যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে। এ বিষয়ে বিভাগীয় প্রশাসন ও জেলা প্রশাসনের মাধ্যমে মাঠ পর্যায়ে নির্দেশনা দেয়া হয়েছে। গতকাল (১৭ আগস্ট শনিবার) সাভারের চামড়া শিল্পনগরীতে চামড়া শিল্প সংক্রান্ত বিভিন্ন অংশীজনদের সঙ্গে আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় শিল্পসচিব এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬)।

৬। **ভারতের পররাষ্ট্রমন্ত্রী ঢাকায় আসছেন আগামীকাল**

ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস. জয়শঙ্কর তিন দিনের সফরে আগামীকাল ১৯ আগস্ট সোমবার বাংলাদেশে আসছেন। পররাষ্ট্রমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর এটাই তাঁর প্রথম বাংলাদেশ সফর। তাঁর সফরে দুই দেশের মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্কের সকল বিষয় নিয়ে আলোচনা হবে। এছাড়া আগামী অক্টোবরের শুরুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সম্ভাব্য নয়াদিল্লি সফর নিয়ে দুই পররাষ্ট্রমন্ত্রী আলোচনা করবেন। সূত্র **: ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.১৫,ক.১)।

৭। **রোহিঙ্গাদের ওপর নির্যাতন তদন্তে মিয়ানমার প্রতিনিধিদল ঢাকায়**

রাখাইনে রোহিঙ্গাদের ওপর নির্যাতনের বিষয়টি তদন্তের জন্য গতকাল (১৭ আগস্ট শনিবার) চার দিনের সফরে ঢাকা পৌঁছেছে মিয়ারমারের 'ইন্ডিপেন্ডেন্ট কমিশন অভ্ ইনকোয়ারি' এর একটি প্রতিনিধিদল। তারা কক্সবাজারের রোহিঙ্গা শিবির পরিদর্শনসহ পররাষ্ট্র মন্ত্রণালয় ও অন্যান্য সরকারি সংস্থা এবং জাতিসংঘের বিভিন্ন এজেন্সির সঙ্গে বৈঠক করবেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৫), **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৫)।

৮। **যুক্তরাষ্ট্র থেকে বঙ্গবন্ধুর খুনি রাশেদকে ফেরাতে আলোচনা চলছে : আইনমন্ত্রী**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের খুনি রাশেদ চৌধুরীকে ফেরাতে যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা চলছে বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, যুক্তরাষ্ট্র আমাদের বন্ধু দেশ, আইনের শাসনের দেশ। খুনি রাশেদ চৌধুরীকে ফিরিয়ে দেওয়ার জন্য আমরা যুক্তরাষ্ট্রের আদালতে গেছি, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে আলোচনা করছি। তিনি বলেন, যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধুর আরেক খুনি মহিউদ্দিনকে আমাদের কাছে ফিরিয়ে দিয়েছিল। তাই আমাদের বিশ্বাস, খুনি রাশেদ চৌধুরীকেও তারা নিশ্চয়ই ফিরিয়ে দেবে। তিনি বলেন, রাশেদ চৌধুরীকে ফিরিয়ে এনে তার রায় কার্যকর করা হবে। গত ১৬ আগস্ট শুক্রবার ব্রাহ্মণবাড়িয়ার কসবা সুপার মার্কেট চত্বরে জাতীয় শোক দিবস উপলক্ষে কসবা উপজেলা আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৮)।

৯। **বঙ্গবন্ধুকে হত্যা করে মুক্তিযুদ্ধকে বিতর্কিত করার চেষ্টা হয়েছে : রেলমন্ত্রী**

রেলমন্ত্রী মো. নূরুল ইসলাম সুজন বলেছেন, গরিব-মেহনতি মানুষের ভাগ্যোন্নয়নই বঙ্গবন্ধুর রাজনীতির দর্শন ছিল। বঙ্গবন্ধুকে হত্যা করে মুক্তিযুদ্ধকে বিতর্কিত করার চেষ্টা করা হয়েছে। গতকাল (১৭ আগস্ট শনিবার) রাজধানীর কমলাপুর রেলওয়ে স্টেশনে রেল মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের উদ্যোগে জাতীয় শোক দিবসের আলোচনাসভায় তিনি এ কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৫)।

১০। **পবিত্র হজ পালন শেষে দেশে ফিরতে শুরু করেছেন হাজীরা**

পবিত্র হজ পালন শেষে দেশে ফিরতে শুরু করেছেন হাজীরা। গতকাল (১৭ আগস্ট শনিবার) ১টার দিকে সৌদি এয়ারলাইন্সের ফ্লাইট এসবি-৮০৪ ৩৩৫ হজযাত্রী নিয়ে রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। হজ থেকে ফিরতি ফ্লাইট চলবে আগামী ১৫ সেপ্টেম্বর পর্যন্ত। এ সময়ের মধ্যে বাংলাদেশের ১ লাখ ২৭ হাজার ৮০ হাজি দেশে ফিরবেন বলে জানা গেছে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

১১। **বস্তিবাসীদের পুনর্বাসনের জন্য বাউনিয়া বাঁধসহ বিভিন্ন জায়গায়**

স্থায়ী আবাসন ব্যবস্থা গড়ে তোলা হবে : ডিএনসিসি মেয়র

উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আতিকুল ইসলাম বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বস্তিবাসীদের পুনর্বাসনের জন্য বাউনিয়া বাঁধসহ বিভিন্ন জায়গায় স্থায়ী আবাসন ব্যবস্থা গড়ে তুলতে শুরু করেছেন। অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের জন্য ডিএনসিসি থেকে সকল ধরনের মৌলিক সেবা অব্যাহত থাকবে। গতকাল (১৭ আগস্ট শনিবার) ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আতিকুল ইসলাম অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত মিরপুরের চলন্তিকা বস্তি পরিদর্শন শেষে এসব কথা বলেন। এ সময় তিনি অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের জন্য ডিএনসিসি কর্তৃক বিভিন্ন ধরনের সেবা, থাকা, খাওয়া, বিশুদ্ধ খাবার পানি, ভ্রাম্যমাণ টয়লেট ইত্যাদি নিশ্চিত করা আছে কিনা-তা পরিদর্শন করেন। সূত্র : **আমাদের অর্থনীতি** (শেষ পৃ.ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

১২। সুযোগ-সুবিধা বাড়ালে সোনা মসজিদ স্থলবন্দর আরও গতিশীল হবে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

ভারতের সঙ্গে আমদানি-রপ্তানি বাণিজ্যের যে ঘাটতি রয়েছে তা ফিরিয়ে আনার লক্ষ্যে দেশের ২য় বৃহত্তম স্থলবন্দর সোনামসজিদের প্রতিটি সেক্টরে সুযোগ-সুবিধা বৃদ্ধি করা হলে বন্দর আরও গতিশীল হবে বলে জানালেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম। তিনি বলেন, বন্দরের অবকাঠামো ঘাটতি রয়েছে, তা পূরণ করা গেলে রাজস্ব আদায়ের পরিমাণ আরও বৃদ্ধি পাবে। গতকাল (১৭ আগস্ট শনিবার) চাঁপাইনবাবগঞ্জ সার্কিট হাউসে স্থানীয় আওয়ামী লীগসহ বিভিন্ন অঙ্গসংগঠনের নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** পুরান ঢাকার লালবাগ পোস্তঢালে প্লাস্টিকের সরঞ্জাম তৈরির কারখানায় আগুন লেগে পুড়ে গেছে অনেক সম্পদ উল্লেখ করে পুরান ঢাকায় একের পর এক অগ্নিদুর্ঘটনা রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. সমকাল : ময়মনসিংহ-কিশোরগঞ্জ সড়কের গৌরিপুরের গাওরামগোপালপুর এলাকায় প্রাইভেটকারের সঙ্গে বিপরীত দিক থেকে আসা বাসের ধাক্কায় প্রাইভেটকার আরোহী নিহত হওয়ার কথা উল্লেখ করে সড়ক দুর্ঘটনারোধে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. যায়যায়দিন : স্বাধীনতা পরবর্তী বাংলাদেশের অন্যতম প্রধান কথাসাহিত্যিক রিজিয়া রহমানের মৃত্যুতে বাংলাসাহিত্যের অপূরণীয় ক্ষতি হয়েছে উল্লেখ করে তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা।

ঘ. যুগান্তর : ঢাকা মহানগরীর মাত্র ২০ শতাংশ এলাকায় পয়ঃনিষ্কাশন ব্যবস্থা থাকলেও ৮০ শতাংশ এলাকায়ই তা অনুপস্থিত উল্লেখ করে সুষ্ঠু নগর ব্যবস্থাপনার জন্য মানসম্মত পয়ঃনিষ্কাশন ব্যবস্থাপনা নিশ্চিত করার সুপারিশ।

ঙ. জনকণ্ঠ : অপরিকল্পিত নগরায়ন, শিল্পায়ন ও আবাসনে দ্রুত কমে যাচ্ছে কৃষি জমি উল্লেখ করে জরুরি আইন প্রণয়নের মাধ্যমে কৃষি জমি রক্ষার ওপর গুরুত্বারোপ।

চ. বাংলাদেশ টুডে : দেশের পর্যটন শিল্পের বিকাশে নজর দেওয়ার সুপারিশ।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'নিরাপদ মাতৃত্ব ও প্রসূতি সেবা'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, মাতৃস্বাস্থ্য পরিচর্যার জন্য জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে দেশের আপামর জনসাধারণকে উদ্বুদ্ধকরণ কর্মসূচিতে ব্যাপকভাবে অংশগ্রহণ করতে হবে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা